



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশিবো/বি/৬৯৯/নতুন/ঢাকা/৫৬৫

তারিখ : ১৮/১০/২০২১

বিষয় : মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৩৪.০২১.১৫-৪৯৩; তারিখ: ০৪/১০/২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের প্রেক্ষিতে প্রচলিত সাধারণ শর্তে ০১/০১/২০২১ তারিখ হতে ০৩ (তিন) বছরের জন্য মানবিক শাখায় মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদান করা হলো।

শর্তসমূহ

- আগামী ০৬ (ছয়) মাসের মধ্যে নিজস্ব জমিতে প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণসহ প্রতিষ্ঠান স্থানান্তর করতে হবে, অন্যথায় স্বয়ংক্রিয়ভাবে নিম্নমাধ্যমিকসহ মাধ্যমিক পর্যায়ের পাঠদানের অনুমতি বাতিল বলে গণ্য হবে।
- বিদ্যালয়টি পরিচালনার সাথে সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না।
- বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে।
- এই অনুমতিকে কোন অবস্থাতেই স্বীকৃতি হিসাবে গণ্য করা যাবে না।
- নিয়োগকৃত শিক্ষক-কর্মচারী তথা জনবলের বেতন-ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।
- বিদ্যালয়ের কোড নম্বরপ্রাপ্তির জন্য বিদ্যালয়ের নাম, ঠিকানা এবং EIIN ইংরেজি ক্যাপিটাল লেটারে লিখে প্রয়োজনীয় ফি-সহ বোর্ডে দাখিল করতে হবে।
- বিদ্যালয়ের ২০২১-২০২২ শিক্ষাবর্ষের ছাত্র-ছাত্রীদের অনলাইনে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে হবে।
- স্টাফিং প্যাটার্ন অনুযায়ী বিদ্যালয়ে নিবন্ধনকৃত শিক্ষক নিয়োগ করতে হবে।
- বিদ্যালয়ের এসএসসি পরীক্ষার্থী ও ফল সন্তোষজনক পর্যায়ে উন্নীত হলে মাধ্যমিক একাডেমিক স্বীকৃতি প্রদানের বিষয় বিবেচনা করা হবে।
- বিদ্যালয়ের সংরক্ষিত তহবিলের টাকা বোর্ডের অনুমতি ব্যতিত উত্তোলন করা যাবে না।
- ছাত্র-ছাত্রীদের জন্য পৃথক পৃথক টয়লেট-এর ব্যবস্থা করতে হবে।
- বিদ্যালয়ের আঙ্গিনায় ছোট-বড় বৃক্ষ রোপণ করে পরিচর্যা ব্যবস্থা করতে হবে।
- সরকারি নির্দেশনা অনুযায়ী এবং এনসিটিবি কর্তৃক নির্ধারিত পাঠ্যক্রম অনুসরণ করতে হবে।
- বোর্ড/সরকার কর্তৃক নির্ধারিত বিভিন্ন ফি-এর অতিরিক্ত আদায় করলে এ আদেশ বাতিল হয়ে যাবে।
- ধর্মীয় ও সামাজিক মূল্যবোধ ইত্যাদির সাথে সাংঘর্ষিক কোন কার্যক্রম পরিচালনা পরিচালনা করা যাবে না।
- বিদ্যালয়ে স্কাউটিং/গার্লস গাইড প্রবর্তন করে নিয়মিত খেলাধুলা, বিতর্ক প্রতিযোগিতা, সাংস্কৃতিক কার্যক্রমসহ অন্যান্য সহ-পাঠ্যক্রম কার্যাদির বার্ষিক রিপোর্ট জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে বোর্ডে পাঠাতে হবে।
- কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যেকোন সময় এ অনুমোদন বাতিল করতে পারে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞা

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ইমেইল: is@dhakaeducationboard.gov.bd

ফোন: ০২-৫৮৬১০০৬৯

প্রাপক : প্রধান শিক্ষক

বনশ্রী ন্যাশনাল আইডিয়াল জুনিয়র স্কুল

বাড়ি-১৪, ব্লক-জি, বনশ্রী, রামপুরা, ঢাকা।

মেমো নং- ৫৬৫(১১)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা ভবন, ঢাকা।
- জেলা প্রশাসক, ঢাকা।
- উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।